

# বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ)

টেলিফোনঃ +৮৮-২২২৬৬৬৪৮০১, +৮৮-২২২৬৬৬৪৮০৫  
ওয়েবসাইটঃ www.bncu.gov.bd  
ইমেইলঃ natcombd@yahoo.com

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট  
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০  
তারিখঃ ২৭/৯/২০২৩ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

ইউনেস্কো ইয়ং প্রফেশনাল প্রোগ্রাম-২০২৩ এর অধীনে ইউনেস্কোর Bureau of Human Resources Management প্যারিস্ ইউনেস্কোর প্রধান কার্যালয় অথবা বিভিন্ন দেশে অবস্থিত ইউনেস্কোর মাঠ অফিসে ইউনেস্কোর হয়ে কাজ করার জন্য P1/P2 স্তরের স্টাফ নিয়োগ প্রদান করবে। এই নিয়োগের জন্য আবেদন বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের মাধ্যমে পাঠাতে হবে।

আবেদন করতে ইচ্ছুক প্রার্থীদের নিম্নলিখিত কিছু মানদণ্ড ইউনেস্কো নির্ধারণ করে দিয়েছে।


১। প্রার্থীর বয়স আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ৩২ বছর হতে হবে (সর্বোচ্চ), অর্থাৎ প্রার্থীকে অবশ্যই ১ জানুয়ারী ১৯৯১ আগে জন্মগ্রহণ করেননি এমন হতে হবে।

২। একটি উন্নত বিশ্ববিদ্যালয় থেকে শিক্ষা, প্রাকৃতিক বিজ্ঞান, সামাজিক এবং মানব বিজ্ঞান, আন্তর্জাতিক সহযোগিতা এবং উন্নয়ন, আন্তর্জাতিক সম্পর্ক, রাষ্ট্রবিজ্ঞান, ব্যবস্থাপনা, ব্যবসা প্রশাসন, মনোবিজ্ঞান, আইন, নিরীক্ষা, ফাইন্যান্স, হিসাববিজ্ঞান, মিডিয়া, সাংবাদিকতা, সর্বসাধারণের তথ্য, সাংস্কৃতিক নীতি ও উন্নয়ন-এ মাস্টার্স বা সমতুল্য ডিগ্রী থাকতে হবে।

৩। ইংরেজি বা ফরাসি ভাষায় চমৎকার দখল থাকতে হবে। তবে ইংরেজি ও ফরাসি উভয় ভাষায় যাদের দখল থাকবে তারা অগ্রাধিকার পাবে।

৪। প্রার্থীদের ইউনেস্কোর মূল্যবোধসমূহ যথাঃ অখণ্ডতা, পেশাদারিত্ব, নৈতিকতা এবং বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধার বিষয়ে অঙ্গীকারাবদ্ধ থাকতে হবে। এছাড়া পূর্ববর্তী প্রাসঙ্গিক কাজ করার অভিজ্ঞতা প্রার্থীর অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

প্রার্থীদের আবেদন যাচাই বাছাইয়ের জন্য আগামী ১৭ অক্টোবর ২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনে ই-মেইল ([natcombd@yahoo.com](mailto:natcombd@yahoo.com)) এবং cc: [ahmed2labib@yahoo.com](mailto:ahmed2labib@yahoo.com)) যোগে এক কপি এবং ডাক যোগে আবেদনের হার্ড কপি পাঠানোর জন্য অনুরোধ জানানো যাচ্ছে। আবেদনের সাথে CV, শিক্ষাগত যোগ্যতার সনদ, ইউনেস্কো কর্তৃক সরবরাহকৃত পূরণকৃত তথ্য ছক, ইংরেজি বা ফরাসি ভাষা দক্ষতার সনদ, নিজ নিজ জন্ম সনদ, এ ধরনের কাজ করার পূর্ব অভিজ্ঞতার সনদ আবেদনের সাথে সংযুক্ত করে দিতে হবে। এ সংক্রান্ত ইউনেস্কোর পত্র এবং অন্যান্য ডকুমেন্টস [https://careers.unesco.org/content/Young-Professional-Programme/?locale=en\\_GB](https://careers.unesco.org/content/Young-Professional-Programme/?locale=en_GB) -এ দেওয়া আছে। যদি কোন জিজ্ঞাস্য থাকে তাহলে 01791657854-নাম্বারে যোগাযোগ করা যাবে।

  
মোঃ সোহেল ইমাম খান  
ডেপুটি সেক্রেটারি জেনারেল  
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন